



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

ব্যবস্থাপনা পরিচালক এর স্কোয়াড

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

সূত্র নং-কেবি/প্রকা/স্কোয়াড/পরি-১/২০১৬-১৭/৬৩

তারিখঃ ০৭.০৩.২০১৭

সকল শাখা ব্যবস্থাপক/
সকল আঞ্চলিক ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয়ঃ ফরেন রেমিট্যান্স ডেলিভারী কার্যক্রম সম্পর্কিত।

প্রিয় মহোদয়,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, বিগত ২৩.০২.২০১৭ তারিখ কর্মসংস্থান ব্যাংক ন্যাশানাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ এর সাথে ফরেন রেমিট্যান্স ডেলিভারী কার্যক্রম শুরুর জন্য একটি চুক্তিপত্র সম্পাদন করেছে। উক্ত চুক্তিতে স্ব-স্ব ব্যাংকের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়বৃন্দ স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কর্মসংস্থান ব্যাংকের পরিচালনা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মহোদয়, মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং মহাব্যবস্থাপক (পরিচালন) মহোদয়সহ উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক ও অন্যান্য কর্মকর্তাগণ এবং এনসিসি ব্যাংক লিঃ এর এ্যাডিশনাল ম্যানেজিং ডিরেক্টর, ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর, রেমিট্যান্স এবং এনআরবি সার্ভিসের প্রধান ও অন্যান্য নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া যথাযথ গুরুত্বসহকারে প্রচার করেছে।

০২। এক্ষেত্রে এতদসংক্রান্ত কার্যক্রম নির্বিঘ্নে পরিচালনা আমাদের সবার দায়িত্ববদ্ধ হয়েছে। আশা করছি সকলেই এ ব্যাপারে সর্বদা সচেতন থেকে বিদেশে অবস্থানরত প্রবাসীদের কষ্টার্জিত বৈদেশিক মুদ্রা বাংলাদেশে অবস্থানরত তাঁদের আত্মীয়-স্বজন এ ব্যাংকের মাধ্যমে নির্বিঘ্নে দ্রুততম সময়ে হাতে পেয়ে যাবেন।

০৩। **নির্বিঘ্নে ও দ্রুততম সময়ে ফরেন রেমিট্যান্স ডেলিভারীতে আমাদের শাখার করণীয়ঃ** ফরেন রেমিট্যান্স সংক্রান্ত তথ্যাদি শাখা অফিসে প্রধানতঃ দুই ভাবে পৌঁছে থাকেঃ **ক) ব্যাচ রেমিট্যান্স (Batch Remittance):** এ পদ্ধতিতে প্রতিদিন এনসিসি ব্যাংক লিঃ রেমিট্যান্স ডেলিভারী তথ্য কর্মসংস্থান ব্যাংকের **সেন্ট্রাল রেমিট্যান্স সেলে** ব্যাংকের সার্ভারে বা শাখা ব্যবস্থাপকের ই-মেইলে প্রেরণ করবে। **খ) অনলাইন রেমিট্যান্স (Online Remittance):** রেমিট্যান্স প্রাপক নিজেই সরাসরি ব্যাংক শাখায় উপস্থিত হয়ে তাঁর নামে রেমিট্যান্স আসার তথ্য প্রদান করবে।

ক) ব্যাচ রেমিট্যান্স (Batch Remittance) ডেলিভারী পদ্ধতিঃ

১. শাখা ব্যবস্থাপক প্রতিদিন প্রথমেই তাঁর ই-মেইল চেক করবে।
২. ই-মেইলে রেমিট্যান্স ডেলিভারী ইনস্ট্রাকশন পেলে সাথে সাথে তা রেমিট্যান্স-প্রাপককে মোবাইলে জানিয়ে দেয়া যেতে পারে (যদি মোবাইল নম্বর ই-মেইলে দেয়া থাকে বা পূর্বেই ঐ প্রাপকের মোবাইল নম্বর শাখায় থাকে)।
৩. ব্যাংক শাখায় রেমিট্যান্স-প্রাপক উপস্থিত হলে, বিদেশে অবস্থানরত রেমিট্যান্স-প্রেরক ও শাখায় উপস্থিত রেমিট্যান্স-প্রাপকের যাবতীয় তথ্যাদি ই-মেইলে প্রাপ্ত অনুরূপ তথ্যাদির সাথে মিলিয়ে দেখতে হবে।
৪. ই-মেইলে প্রাপ্ত তথ্যাদির সাথে রেমিট্যান্স-প্রাপক প্রদত্ত তথ্যাদি মিলে গেলে রেমিট্যান্স-প্রাপককে একটি KYC ফরম দিয়ে এ ফরমের সংশ্লিষ্ট কলাম পূরণার্থে প্রয়োজনীয় সকল তথ্য প্রাপকের নিকট থেকে জেনে ব্যাংক কর্মকর্তা নিজে তা পূরণ করে দেবেন এবং সবশেষে ফরমের যথাস্থানে রেমিট্যান্স-প্রাপকের স্বাক্ষর গ্রহন করবেন।

অব্যাহত পৃষ্ঠা নং-০২

